# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৩২

১/ বিবিধ

আরবী

كلوا التمر على الريق فإنه يقتل الدود

موضوع

رواه أبو بكر الشافعي في " الفوائد " (9 / 106 / 1) وابن عدي (258 / 2) عن عصمة بن محمد حدثنا موسى بن عقبة عن كريب عن ابن عباس مرفوعا

وقال ابن عدي: وعصمة بن محمد كل حديثه غير محفوظ وهو منكر الحديث

وأورده ابن الجوزي في " الموضوعات " (3 25) من طريق ابن عدي عن عصمة، ثم قال: لا يصح، عصمة كذاب

وأقره السيوطي في " اللآليء " (2 / 243) ثم ابن عراق في " تنزيه الشريعة " (320 / 2) ومن قبلهما ابن القيم في " المنار " وقال (ص 25) : هو بوصف الأطباء والطرقية أشبه وأليق

ومع هذا فقد أورده السيوطي في " الجامع الصغير " من رواية أبي بكر الشافعي هذا والديلمي عن ابن عباس، فانظر كم هو متناقض؟

বাংলা

২৩২। তোমরা শুকনা খেজুর থুথুর সাথে মিশিয়ে খাও, কারণ তা জীবাণুকে হত্যা করে।

হাদীসটি জাল।

হাদীসটি আবু বাকর শাফেঈ “আল-ফাওয়াইদ” গ্রন্থে (৯/১০৬/১) এবং ইবনু ’আদী (২/২৫৮) ইসমাহ ইবনু

মুহাম্মাদ হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী, ইসমাহ ইবনু মুহাম্মাদ সম্পর্কে বলেছেনঃ তার কোন হাদীসই নিরাপদ নয়, তিনি মুনকারুল হাদীস। ইবনুল জাওযী হাদীসটি “আল-মাওযুআত” গ্রন্থে (৩/২৫) ইবনু আদীর সূত্রে ইসমাহ হতে উল্লেখ করে বলেছেনঃ সহীহ নয়, ইসমাহ মিথ্যুক। সুয়ূতী “আল-লাআলী" গ্রন্থে (২/২৪৩) তার বক্তব্যকে সমর্থন করেছেন। ইবনু আররাকও “তানযীহুশ শারীয়াহ” গ্রন্থে (২/৩২০) তাকে সমর্থন করেছেন। তা সত্ত্বেও সুয়ূতী হাদীসটি “জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5492

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন